বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রধান প্রকৌশলী(পুর) পরিকল্পনা'র দপ্তর
পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

**স্মারক নম্বর:** ৪২.০১.০০০০.০০০.০৩৭.৯৯.০০১১.২৫.২৭০

তারিখ: ২৪ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
০৯ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: বাপাউবো'র এডিপি পর্যালোচনা সভার সিদ্ধান্তের আলোকে প্রত্যেক জেলার উল্লেখযোগ্য ১টি নদীর সামগ্রিক ব্যবস্থাপনা সংক্রান্ত একটি করে ডিপিপি (DPP) প্রণয়নপূর্বক বোর্ডে দাখিল প্রসঙ্গে।**

সূত্র: প্রসেসিং পরিদপ্তর, বাপাউবো, ঢাকার স্মারক নম্বরঃ ৪২.০১.০০০০.০০০.০১২.১৫.০০০১.১৯.১৬৩৬, তারিখঃ ০২-১২-২০২৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের আলোকে জানানো যাচ্ছে যে, গত ২৭-১১-২০২৫ তারিখে মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর সভাপতিত্বে ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) আওতায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রকল্পসমূহের অগ্রগতি ও পর্যালোচনাসহ অন্যান্য বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা শেষে মহাপরিচালক মহোদয় কতিপয় নির্দেশনা প্রদান করেন। এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণীর ক্রমিক নং ৪(ঘ) এ **"প্রত্যেক জেলার উল্লেখযোগ্য ১টি নদীর সামগ্রিক ব্যবস্থাপনা সংক্রান্ত একটি করে ডিপিপি (DPP) প্রণয়নপূর্বক বোর্ডে দাখিল করতে হবে"** মর্মে মহাপরিচালক, বাপাউবো মহোদয় নির্দেশনা প্রদান করেন।

উপরোক্ত নির্দেশনার আলোকে প্রত্যেক জেলার জেলা প্রশাসকের সাথে সমন্বয় করে নদী বাছাইপূর্বক একটি করে ডিপিপি (DPP) প্রণয়নপূর্বক বোর্ডে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

০৯-১২-২০২৫
ড. শ্যামল চন্দ্র দাস
প্রধান প্রকৌশলী (পুর) পরিকল্পনা
০২২২২২৩০২০০
cplanwdb@yahoo.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
২। অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
৩। অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নক্সা ও গবেষণা), বাপাউবো, ঢাকা।
৪। প্রধান প্রকৌশলী (পুর) (সকল)/ অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর) (সকল), বাপাউবো।
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। এই পত্রটি বোর্ডের ওয়েব সাইটে (www.bwdb.gov.bd) প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।।
৬। যুগ্ম প্রধান, অর্থনৈতিক পরিকল্পনা উইং, বাপাউবো, ঢাকা।
৭। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রসেসিং পরিদপ্তর
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

**২৭ নভেম্বর, ২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ এনায়েত উল্লাহ<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ২৭-১১-২০২৫ খ্রিঃ |
| সভার সময় | বিকেল ৩.৩০ ঘটিকা |
| স্থান | সম্মেলন কক্ষ, পানি ভবন (লেভেল-৬), বাপাউবো, ঢাকা। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক -তে দ্রষ্টব্য |

গত ২৭ নভেম্বর, ২০২৫ তারিখ রোজ বৃহস্পতিবার বিকেল ৩.৩০ ঘটিকায় মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর সভাপতিত্বে ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) আওতায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের ২৬/১১/২০২৫ তারিখ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সকল অতিরিক্ত মহাপরিচালক, প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কার্যক্রম পরিদপ্তর এবং পরিচালক, অর্থ পরিদপ্তর উপস্থিত ছিলেন। এছাড়াও, প্রধান/অতিঃ প্রধান প্রকৌশলীগণ, সদর দপ্তরের বিভিন্ন পরিদপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ পরিচালকগণ, মাঠ পর্যায়ের সকল পওর/ পানি উন্নয়ন সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ ও সকল পওর/ পানি উন্নয়ন বিভাগের নির্বাহী প্রকৌশলীগণ ভার্চুয়ালি Zoom এ সংযুক্ত থেকে অংশগ্রহণ করেন।

০২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রসেসিং পরিদপ্তর সভাপতির অনুমতিক্রমে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম উপস্থাপন করেন। ২০২৫-২৬ অর্থবছরে এডিপিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতায় ৭৬টি চলমান প্রকল্পের অনুকূলে ৮১৫৬.১৮ কোটি টাকা বরাদ্দ রয়েছে, তন্মধ্যে জিওবি ৭১৮১.৫১ কোটি টাকা, প্রকল্প সাহায্য ৯৭৪.৬৭ কোটি টাকা এবং টাকাংশ ৯৫৩.১৩ কোটি টাকা। ১ জুলাই ২০২৫ হতে ২৬ নভেম্বর, ২০২৫ পর্যন্ত উক্ত বরাদ্দ হতে ছাড়কৃত অর্থের পরিমাণ মোট ৩১০৯.৮৪ কোটি (জিওবি ২৭০৩.২৮ কোটি, প্রকল্প সাহায্য ৪০৬.৫৬ কোটি ও টাকাংশ ৪০৬.৫৬ কোটি) টাকা, যা মোট বরাদ্দের ৩৮.১৩ %। একই সময় পর্যন্ত অর্থ ব্যয়ের পরিমাণ মোট ১৬৪৯.৮৮ কোটি (জিওবি ১৬০৭.৩৬ কোটি, প্রকল্প সাহায্য ৪২.৫২ কোটি ও টাকাংশ ২৩.৮৪ কোটি) টাকা, যা মোট বরাদ্দের ২০.২৩%। প্রকল্পসমূহের গড় বাস্তব অগ্রগতি ২৫.৭৬ %। বাস্তবায়নাধীন ৭৬টি প্রকল্প ছাড়াও ১টি এডিপি ড্রপ-আউট প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। এডিপি অনুমোদন পরবর্তী আরো ৬টি নতুন প্রকল্প অনুমোদন লাভ করেছে। এডিপিভুক্ত, এডিপি ড্রপ-আউট ও নতুন অনুমোদিত প্রকল্পসমূহ নিয়ে বাস্তবায়নাধীন মোট প্রকল্প সংখ্যা দাড়ায় (৭৬+১+৬)= ৮৩টি, যার মধ্যে ১৫টি প্রকল্প চলতি ২০২৫-২৬ অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত রয়েছে।

০৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত/ নির্দেশনা প্রদান করা হয়ঃ-

| ক্রমিক নং | সিদ্ধান্ত/ নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|

| | | |
|---|---|---|
| ১ | কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা জোন এর প্রকল্পভিত্তিক আলোচনাকালে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ<br>ক) "ঢাকা জেলার কেরাণীগঞ্জ উপজেলাধীন শুভাঢ্যা খাল পুনঃখনন এবং খালের উভয় পাড়ের উন্নয়ন ও সুরক্ষা প্রকল্প (১ম পর্যায়)" শীর্ষক প্রকল্পটির আওতায় শুভাঢ্যা খাল খনন কাজ বাস্তবায়নের সময় রাস্তার একাংশ স্লাইড করেছে। সেই প্রেক্ষিতে উক্ত কাজের shore protection এর ডিজাইন প্রণয়নপূর্বক দ্রুত কার্যকরি ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ) "নেত্রকোণা জেলার পূর্বধলা উপজেলার সেচ ও নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটির আওতায় নদী খনন কাজে জনগণের বাঁধার কারণে জমি সংক্রান্ত জটিলতা পরিহার করে প্রকল্পের অবশিষ্ট কাজ নির্ধারিত সময়ে সমাপ্ত করতে হবে।প্রয়োজনে জেলা প্রশাসনের সহযোগিতা নিতে হবে।<br>গ) "নেত্রকোনা জেলার সদর ও বারহাট্টা উপজেলার রায়পুর ইউনিয়নে বন্যা নিয়ন্ত্রণ বাঁধ (জীবন রক্ষা বাঁধ) পুনর্বাসন এবং কংস নদীর ভাঙন রোধকল্পে প্রতিরক্ষা কাজ বাস্তবায়ন" শীর্ষক প্রকল্পটির আওতায় বাঁধ ও রেগুলেটর নির্মাণ কাজে গঠিত কারিগরি কমিটির সুপারিশের আলোকে আরডিপিপি পুনঃগঠন করে দ্রুত বোর্ডে দাখিল করতে হবে।<br>ঘ) "পদ্মা বহুমুখী সেতুর ভাটিতে মুন্সীগঞ্জ জেলার লৌহজং ও টংগিবাড়ী উপজেলাধীন বিভিন্ন স্থানে পদ্মা নদীর বাম তীর সংরক্ষণ প্রকল্প (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পটির আওতায় যেসব প্যাকেজের অগ্রগতি তুলনামূলক কম, সেইসব প্যাকেজের Prorata progess এর উপর ভিত্তি করে দরপত্রের শর্ত মেনে দ্রুত কাজ বাতিলের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, ঢাকা ও প্রকল্প পরিচালক |
| ২ | পূর্বাঞ্চল, বাপাউবো, কুমিল্লা জোন এর প্রকল্পভিত্তিক আলোচনাকালে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ<br>"ভূমি পুনরুদ্ধারের লক্ষ্যে উড়ির চর - নোয়াখালী ক্রস ড্যাম নির্মাণ প্রকল্প" শীর্ষক প্রকল্পটির ডিপিপি সংশোধনপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে এবং আগামী ০২/১১/২০২৫ তারিখের মধ্যে সংশোধিত ডিপিপি বোর্ডে দাখিল করতে হবে। | প্রধান প্রকৌশলী, পূর্বাঞ্চল, কুমিল্লা ও প্রকল্প পরিচালক |
| ৩ | উত্তর-পূর্বাঞ্চল, বাপাউবো, সিলেট জোন এর প্রকল্পভিত্তিক আলোচনাকালে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ<br>" মনু নদীর ভাঙ্গন হতে মৌলভীবাজার জেলার সদর, রাজনগর ও কুলাউড়া উপজেলা রক্ষা প্রকল্প " শীর্ষক প্রকল্পের জমি অধিগ্রহণ সম্পন্ন না হওয়ায় ডিপিপির মেয়াদ ২ বছর বৃদ্ধির প্রস্তাব ইতোমধ্যে বোর্ডে দাখিল করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন এর সাথে সমন্বয়পূর্বক দ্রুত জমি অধিগ্রহণ পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, উত্তর-পূর্বাঞ্চল, সিলেট ও প্রকল্প পরিচালক |
| ৪ | দক্ষিণ-পূর্বাঞ্চল, বাপাউবো, চট্টগ্রাম জোন এর প্রকল্পভিত্তিক আলোচনাকালে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ<br>ক) " চট্টগ্রাম জেলার বোয়ালখালী উপজেলাধীন কর্ণফুলী নদী এবং সংযুক্ত খালসমূহের ভাঙ্গন রোধকল্পে তীর সংরক্ষণ কাজ " শীর্ষক প্রকল্পটি নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করার জন্য প্রয়োজনীয় কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে।<br>খ) "বান্দরবান জেলার লামা উপজেলায় লামাবাজার রক্ষাকল্পে মাতামুহুরী নদীতে প্রতিরক্ষা কাজ বাস্তবায়ন" শীর্ষক প্রকল্পটির জমি অধিগ্রহণ ব্যতিরেখে Prodata Progress এর উপর ভিত্তি করে প্রকল্প মেয়াদ ১ বছর বৃদ্ধি করে সংশোধিত ডিপিপি আগামী ০২/১১/২০২৫ তারিখের মধ্যে বোর্ডে দাখিল করতে হবে। | প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পূর্বাঞ্চল, চট্টগ্রাম ও প্রকল্প পরিচালক |

| | | |
|---|---|---|
| ৫ | উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর জোন এর প্রকল্পভিত্তিক আলোচনাকালে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ<br>ক) " কুড়িগ্রাম জেলার কুড়িগ্রাম সদর, রাজারহাট ও ফুলবাড়ী উপজেলাধীন ধরলা নদীর বন্যা নিয়ন্ত্রণসহ বাম ও ডানতীর সংরক্ষণ প্রকল্প (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতাধীন জমি অধিগ্রহণজনিত সমস্যার কারণে প্রকল্পটির আরডিপিপি পুনঃগঠন চলমান রয়েছে। উক্ত আরডিপিপিটি আগামী ০৭/১২/২০২৫ তারিখের মধ্যে বোর্ডে দাখিল করতে হবে।<br>খ) " ঠাকুরগাঁও জেলার টাংগন ব্যারেজ, বুড়ি বাঁধ ও ভুল্লি বাঁধ সেচ প্রকল্পসমূহ পুনর্বাসন, নদীতীর সংরক্ষণ ও সম্মিলিত পানি নিয়ন্ত্রণ অবকাঠামো নির্মাণ (১ম সংশোধিত) প্রকল্প " শীর্ষক প্রকল্পটির আরডিপিপি পুনঃগঠন চলমান রয়েছে। দরপত্র শর্ত অনুসারে ১ টি প্যাকেজের দরপত্র বাতিলের পদক্ষেপ গ্রহণপূর্বক সংশোধিত আরডিপিপি আগামী ০৭/১২/২০২৫ তারিখের মধ্যে বোর্ডে দাখিল করতে হবে। | প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, রংপুর ও প্রকল্প পরিচালক |
| ৬ | উত্তর- পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী জোন এর প্রকল্পভিত্তিক আলোচনাকালে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ<br>ক) " চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলায় মহানন্দা নদী ড্রেজিং ও রাবার ড্যাম নির্মাণ প্রকল্প " শীর্ষক প্রকল্পের ৩য় সংশোধনী চলমান। পরবর্তী একনেক সভায় উপস্থাপনের জন্য পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>খ) " পাবনা জেলার ইছামতি নদী পুনরুজ্জীবিতকরণ " শীর্ষক প্রকল্পের ডিপিপি সংশোধনের কাজ চলমান। বিভিন্ন অঙ্গের ব্যয় সীমিত রেখে গঠিত কারিগরি কমিটির প্রতিবেদনের আলোকে সংশোধিত ডিপিপি দ্রুত বোর্ডে দাখিল করতে হবে। | প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, রাজশাহী ও প্রকল্প পরিচালক |
| ৭ | পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর জোন এর প্রকল্পভিত্তিক আলোচনাকালে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ<br>" শরীয়তপুর জেলার জাজিরা উপজেলার পদ্মা নদীর ডান তীরের ভাঙ্গন হতে মাঝিরঘাট জিরো পয়েন্ট এলাকা রক্ষা প্রকল্প " শীর্ষক প্রকল্পের জাজিরা অংশে তীর সংরক্ষণমূলক কাজের ডিজাইন সংশোধন করতঃ variation প্রস্তাবনা দাখিল করতে হবে। ডিপিপি সংশোধনের ক্ষেত্রে দ্রুত BBA এর সাথে আলোচনাপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, পশ্চিমাঞ্চল, ফরিদপুর ও প্রকল্প পরিচালক |
| ৮ | দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল জোন এর প্রকল্পভিত্তিক আলোচনাকালে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ<br>ক) "বরিশাল জেলার কারখানা, বিঘাই এবং পায়রা নদীর ভাঙ্গন হতে বরিশাল সেনানিবাস এলাকা রক্ষা প্রকল্প (১ম পর্যায়)" শীর্ষক প্রকল্পের আওতাধীন নদী তীর সংরক্ষণ কাজের ব্লক তৈরির অগ্রগতি ত্বরাণিত করতে হবে।<br>খ) "তেঁতুলিয়া নদীর ভাঙ্গন থেকে পটুয়াখালী জেলার বাউফল উপজেলার ধুলিয়া লঞ্চঘাট থেকে বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলার দুর্গাপাশা রক্ষা প্রকল্প (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের মেয়াদ বৃদ্ধিকরণের প্রস্তাবনা দাখিল করতে হবে এবং Prodata Progress নিবিড়ভাবে মনিটরিং করতে হবে।<br>গ) "ভোলা জেলার মুজিব নগর ও মনপুরায় উপকূলীয় বাঁধ পুনর্বাসন, নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন ও তীর সংরক্ষণ (১ম পর্যায়) (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতায় যেসব প্যাকেজের অগ্রগতি তুলনামূলক কম, সেইসব প্যাকেজের দরপত্র চুক্তির শর্ত অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বরিশাল ও প্রকল্প পরিচালক |

| | | |
|---|---|---|
| ৯ | বিশেষ প্রকল্পসমূহ নিয়ে আলোচনাকালে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ<br>"পানি সম্পদ মন্ত্রণালয় ও সংস্থাসমূহের সক্ষমতা বৃদ্ধিকল্পে ছোট আকারের জলযান ক্রয় প্রকল্প (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটি সিদ্ধান্তের আলোকে ঠিকাদারি প্রতিষ্ঠান খুলনা শিপিয়ার্ড কর্তৃক দরপত্র শর্ত ও আর্থিক বিধি অনুসরণ করে MoU অনুযায়ী প্রকল্পের কাজ বাস্তবায়ন করতে হবে। | প্রকল্প পরিচালক |

**৪। মহাপরিচালক মহোদয় সভায় নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করেন:-**

ক) পরিচালন ও রক্ষনাবেক্ষন বাজেটের আওতাধীন সকল কাজের ক্ষেত্রে আগামী ১৫ ডিসেম্বর ২০২৫ তারিখের মধ্যে ৭০ (সত্তর) শতাংশ এবং আগামী ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখের মধ্যে শতভাগ দরপত্র আহবান সম্পন্ন করতে হবে।

খ) প্রত্যেক মাঠ দপ্তরে চলতি অর্থবছরের বর্ষা মৌসুমে বাস্তবায়িত আপদকালীন জরুরি কাজের ১টি প্যাকেজকে টেকসইকরণের লক্ষ্যে পূর্ব শতর্কতামূলক (Precautionary) কাজে রূপান্তর প্রস্তাবনা দাখিল করতে হবে।

গ) সকল জোনে রেগুলেটের মেরামত কাজ সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করতে হবে। এ কাজ বাস্তবায়নে অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন হলে বরাদ্দ চাহিদা প্রেরণ করতে হবে।

ঘ) প্রত্যেক জেলার উল্লেখযোগ্য ১টি নদীর সামগ্রিক ব্যবস্থাপনা সংক্রান্ত একটি করে ডিপিপি (DPP) প্রণয়নপূর্বক বোর্ডে দাখিল করতে হবে।

ঙ) প্রতি মাসের প্রথম সপ্তাহের মধ্যে পরিচালন ও রক্ষনাবেক্ষন বাজেটের আওতাধীন সকল কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন (Progress Report) বোর্ডে দাখিল করতে হবে।

চ) প্রকল্পের প্যাজেকভিত্তিক কর্মপরিকল্পনার (Roadmap এ অন্তর্ভুক্ত) প্রতিবেদন জোন-সমন্বিত বুকলেট আকারে আবশ্যিকভাবে প্রতিমাসে বোর্ডে দাখিল করতে হবে।

ছ) প্রকল্পের প্যাজেকভিত্তিক কর্মপরিকল্পনার ভিত্তিতে স্বল্প অগ্রগতিসম্পন্ন প্যাকেজসমূহ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

জ) কাবিটা কার্যক্রমের বছর ভিত্তিক তুলনামূলক বিবরণী আগামী সভায় উপস্থাপন করতে হবে।

ঝ) বোর্ড সচিবালয়ের স্মারক নংঃ ৪২.০১.০০০০.০০০.০০৪.৯৯.০০৩৫.২৪.২৩ তারিখঃ ০৪/১১/২০২৫ এর প্রেক্ষিতে বাপাউবো'র মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের প্রতি মাসের ছুটি গ্রহণ ও কর্মস্থল ত্যাগের বিবরণী পরবর্তী মাসে ৫ কর্মদিবসের মধ্যে আবশ্যিকভাবে বোর্ডে দাখিল করতে হবে এবং সংশ্লিষ্ট অতিরিক্ত মহাপরিচালকগণকে অনুলিপি প্রদান করতে হবে।

৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০২-১২-২০২৫
মোঃ এনায়েত উল্লাহ
মহাপরিচালক

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
০২ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০১২.১৫.০০০১.১৯.১৬৩৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
২। অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নক্সা ও গবেষণা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৩। অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৪। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৫। অতিরিক্ত মহাপরিচালক(অর্থ) (অতিরিক্ত দায়িত্ব ), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

৬। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৭। প্রধান প্রকৌশলী, পওর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
৮। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ডিজাইন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
৯। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পানিবিজ্ঞান, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
১০। প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
১১। অতিরিক্ত প্রধান প্রকৌশল (পুর), প্রশিক্ষন ও মানব সম্পদ উন্নয়ন এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
১২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পূর্বাঞ্চল/ উত্তর-পূর্বাঞ্চল/ পূর্বাঞ্চল/ দক্ষিণাঞ্চল/ পশ্চিমাঞ্চল/ দক্ষিণ-পশ্চিমাঞ্চল/ উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, চট্টগ্রাম/ সিলেট/ কুমিল্লা/ বরিশাল/ফরিদপুর/ খুলনা/ রাজশাহী।।
১৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, রিভার ম্যানেজমেন্ট/ ড্যাম এন্ড ব্যারেজ/ আইসিজেড এন্ড ক্লাইমেট চেঞ্জ ম্যানেজমেন্ট/ পিএমইউ-ক্লাষ্টার, বাপাউবো, ঢাকা।
১৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তর/ নারায়নগঞ্জ ড্রেজার/ খুলনা ড্রেজার, বাপাউবো, ঢাকা/নারায়ণগঞ্জ/খুলনা।
১৫। প্রধান পানি ব্যবস্থাপনা , প্রধান পানি ব্যবস্থাপনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
১৬। প্রকল্প পরিচালক, CDSP-4/ CSAWMP/FREAP/ B-STRONG/ CRISP/ দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা সম্প্রসারণ (কম্পোনেন্ট-১)/ জলযান ক্রয় (১ম সংশোধিত)/JRSMP-1 (C1), বাপাউবো, ঢাকা।।
১৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কার্যক্রম পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
১৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পওর পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
১৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), পরিকল্পনা-১ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
২০। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), পরিকল্পনা-৩ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
২১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
২২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কোয়ালিটি কন্ট্রোল এন্ড অ্যাসুরেন্স পরিদপ্তর, ওয়েস্ট, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
২৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কোয়ালিটি কন্ট্রোল এন্ড অ্যাসুরেন্স পরিদপ্তর, ইস্ট, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
২৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
২৫। সিএসও টু মহাপরিচালক (ভারপ্রাপ্ত), মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
২৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সকল নকশা সার্কেল, বাপাউবো, ঢাকা।
২৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), সকল পওর/ পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো।
২৮। পরিচালক, অর্থ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
২৯। পরিচালক, হিসাবরক্ষণ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৩০। পরিচালক, অডিট পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৩১। কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩২। যুগ্ম প্রধান, পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৩৩। নির্বাহী প্রকৌশলী (পুর), সকল পওর/ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো।

০৩-১২-২০২৫
টি. এম. রাশিদুল কবীর
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)